বাংলাবাজার, ঢাকা-১১০০

কেন এ মহামারী দুর্যোগ ও দূর্ভোগ?

♦♦♦

কুরআন ও হাদিসের আলোকে
বিশ্ব পরিস্থিতি গবেষণা পরিষদ
বাংলাদেশ কর্তৃক সম্পাদিত।

পরিবেশক
আল-ইখওয়ান পাবলিকেশন্স
বাংলাবাজার, ঢাকা-১১০০

ভূমিকা

যাবতীয় প্রশংসা আল্লাহ তায়ালার জন্য, যিনি জগৎ সমূহের প্রতিপালক। ছলাত ও ছালাম বর্ষিত হোক হযরত মোহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি, আহলে পরিবারের প্রতি এবং সকল ছাহাবাগণের প্রতি।

সুপ্রিয়, পাঠক/পাঠিকাগণ!
'আছছালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহি ওয়া বারকাতুহ'।
অত:পর মহান আল্লাহতা'য়াল প্রতি অগণিত প্রশংসা জ্ঞাপন করছি-যিনি আমাদেরকে বর্তমান বিশ্বের দূর্ভোগ পরিস্থিতি নিয়ে কুরআন হাদিসের আলোকে "কেন এই মহামারি, দূর্যোগ ও দূর্ভোগ" নামক বাস্তবমুখি বইটি লেখার ও প্রকাশের সুযোগ করে দিয়েছেন।
আশা করি বইটি পঠনের মাধ্যমে সকল মুসলিম নারী-পুরুষগণই উপকৃত হবেন এবং সত্য উপলব্ধি করার সুযোগ পাবেন।
অত:পর আমরা "কুরআন ও হাদিসের আলোকে বিশ্ব পরিস্থিতি গবেষণা পরিষদ বাংলাদেশ" এর পক্ষ হতে প্রতিটি পাঠক/পাঠিকা গণের নিকটেই বিষেশভাবে আবেদন রাখি এই যে, যখন এই বইটি পাঠ করবেন তখন সত্য গ্রহণের উদ্দেশ্যে মনযোগ সহকারে পাঠ করবেন। যেন বইটির মমার্থ খুব সহজেই উপলব্দি করতে পারেন, তবেই আমাদের গবেষণা ও বইটি প্রকাশে আমাদের অন্তর আনন্দিত হবে।
আর যদি বইটির মরমার্থ্য সঠিকভাবে উপলব্ধী নাও করতে পারেন বা উপলব্ধী করার চেষ্টা বা ইচ্ছা না করেন, তবে এর প্রতিদান আল্লাহর নিকট পাব 'ইনশআল্লাহ্'।

الَّذِيْنَ يَسْتَمِعُوْنَ الْقَوْلَ فَيَتَّبِعُوْنَ اَحْسَنَهٗ ؕ اُولٰٓئِكَ الَّذِيْنَ هَدٰىهُمُ اللّٰهُ وَ اُولٰٓئِكَ هُمْ اُولُوا الْاَلْبَابِ۝۱۸

সুপ্রিয় পাঠক/পাঠিকাগণ! মহান আল্লাহতা'য়ালা বলেন-

অর্থ: “যারা মনোযোগ সহকারে কথা শোনে এবং ভালো কাজ সমূহের অনুসরন করে; এরাই হচ্ছে সে সব লোক, যাদের আল্লাহতা’য়ালা সৎ পথে পরিচালিত করেন আর এরাই হচ্ছে বোধ শক্তি সম্পন্ন মানুষ।”[১]

অত:পর আল্লাহতা’য়ালা আমাদের সকলকেই যেন- সত্য উপলব্ধী করার ও সত্য গ্রহনের তাওফীক দান করেন ‘আমীন’।

বইটি লিখতে শব্দ অথবা বানানে কোন ভুল পাঠকদের নজরে আসলে তা অবশ্যই ক্ষমার দৃষ্টিতে দেখবেন এবং পরবর্তী সংশোধনের জন্য অবগত করবেন।

নিবেদক
কুরআন ও হাদিসের আলোকে
বিশ্বপরিস্থিতি গবেষণা পরিষদ-বাংলাদেশ
১৩/৭/২২ ইং:

(১) সূরা আয-যুমার, আয়াত : ১৮

● কেন এই মহামারি, দূর্যোগ ও দূর্ভোগ:

প্রিয় পাঠক! এইকথা আমাদের সকলকেই একবাক্যে স্বীকার করতে হবে যে- ২০১৯ ইং সাল থেকে গত প্রায় ৪ বছর আমরা বাংলাদেশসহ গোটা বিশ্বই একটি বড় বিপদ মুহুর্ত পার করছি। যার শুরু হয়েছে গত ২০১৯ ইং সালের ডিসেম্বর মাসে চীনের ওয়াং প্রদেশের করোনা ভাইরাস-এর সংক্রমনের মাধ্যমে। ভাইরাসটি চীনে দেখা দিলেও, তা শুধু চীনেই সীমাবদ্ধ থাকলো না। খুব দ্রুত গতিতেই ছড়িয়ে গেল বিশ্বের প্রায় সব দেশেই।

আর এই করোনা ভাইরাসকে প্রতিরোধ করার উদ্দেশ্যে আর এই সংক্রমনাত্তক করোনা ভাইরাসের আক্রমন চুপ থেকে মেনে নিতে পারল না, প্রভু সেজে বসে থাকা বিশ্বের বড় বড় দেশগুলো। তারাও তৈরি করলো করোনা ভাইরাস প্রতিরোধের বিভিন্ন টিকা প্রতিষেধক ও ভ্যাকসিন।

তাতে কি! কোন ভ্যাকসিনকেই যেন পরোয়া করলো না, করোনা ভাইরাস। সেও বিভিন্ন রুপে রূপনিতে শুরু করল।

ফলে বিশ্বের অর্থনৈতিক ধ্বংস খেলা শুরু হলো তখনই।

করোনা ভাইরাস বিভিন্ন সময়, বিভিন্ন রুপ ধারন করে-আর প্রভু সেজে বসে থাকা বিশ্বের বড় বড় দেশগুলো করোনা ভাইরাসের সেই রুপগুলো চিহ্নিত করতে ও তার প্রতিরোধের জন্য প্রতিষেধক তৈরি করতে ব্যয় করে কোটি কোটি টাকা। তবুও কি করোনা ভাইরাসকে দমন করা সম্ভব হয়েছে?

করোনা ভাইরাস তো- নির্মূল হলোই না, বরং শুরু হলো অন্য এক বিপদ মূহুর্ত। বিশ্বের কোথাও- তীব্র খরা আবার কোথাও বন্যার ভরা ডুবি।এরই মাঝে আবার ভারতের পঙ্গপালের হানাও ছিলো উল্লেখযোগ্য। এখানেই শেষ কোথায়, সেই বিপদ মূহুর্তটি আরো বিপদ ও মারাত্মক রূপ নিতে শুরু করল দেখা দিল দূর্ভিক্ষ।

আর সেই দূর্ভিক্ষের প্রথম স্বীকার হলো ভারতবর্ষের একটি দেশ-"শ্রীলঙ্কা" যেন আল্লাহর রাসূল ﷺ এর বলে যাওয়া ভবিষ্যৎ বানীর বাস্তবতা শুরু হলো-"সুবহানাল্লাহ"। হযরত হুযাইফা رضي الله عنه বলেন, আমি আল্লাহর রাসুল ﷺ কে বলতে শুনেছি তিনি বলেছেন- "অদূর ভবিষ্যতে এমন এক

মহামারীর প্রাদূর্ভাব হবে, যা না শেষ হতেই দূর্ভিক্ষ্য দেখা দিবে। আর সেই দূর্ভিক্ষটি শুরু হবে হিন্দুস্থান থেকে। আর এই দূর্ভিক্ষ থাকতেই হিন্দুস্থানের মুশরিকদের দ্বারা এক ফেতনা দেখা দিবে।
(আল্লাহু আকবার)
হাদিসটির বাস্তবতা আজ দিনের আলোর মত সুস্পষ্ট।
হিন্দুস্থান তথা ভারতবর্ষের একটি দেশ শ্রীলঙ্কা থেকেই দূর্ভিক্ষের শুরু। কিন্তু প্রিয় পাঠকগণ! কেউ কি একটু স্থিরভাবে চিন্তা করে দেখেছেন, ‘কেন এই মহামারি, দূর্যোগ ও দুর্ভোগ’ অবশ্যই তার পিছনে কিছু কারণ রয়েছে। কারণ ব্যতিত কখনোই আল্লাহতা’আলা মানবজাতিকে এই বিপদে ফেলবেন না। একথা তো আমাদের শিকার করতেই হবে, মহামারী, তীব্র খরা, বন্যায় ভরা ডুবি, যুদ্ধবিগ্রহ দূর্ভিক্ষ অনেক মানুষের প্রাণনাশের কারন।
দূর্ভিক্ষ আর তৃতীয় বিশ্বযুদ্ধের দামামা বেজে উঠলে তো আর কোন কথাই নেই। মেনে নিতে হবে মানবজাতির এক-তৃতীয়াংশের ধ্বংস।
যেহেতু কেয়ামত ব্যতিত মহান আল্লাহতা’আলা মুহাম্মদ ﷺ-এর সম্প্রদায়কে সমুলে ধ্বংস করবেন না। সেহেতুই দূর্ভিক্ষ আর তৃতীয় বিশ্বযুদ্ধের মাধ্যমে এই অবাধ্য সম্প্রদায়ের এক- তৃতীয়াংশকে ধ্বংস করবেন। আর এটা হাদিস দ্বারা প্রমাণিত।
আর আল্লাহতা’য়ালা তো কুরআন মাজিদে বারবারই ঘোষণা করে দিয়েছেন-
যদি আমরা আল্লাহতা’য়ালার অবাধ্য হই তবে আল্লাহতা’য়ালা ও আমাদের শাস্তিস্বরূপ ধ্বংস করে দিবেন।
আল্লাহতা’য়ালা বলেন-

ءَاَمِنۡتُمۡ مَّنۡ فِی السَّمَآءِ اَنۡ یَّخۡسِفَ بِکُمُ الۡاَرۡضَ فَاِذَا هِیَ تَمُوۡرُ ﴿۱۶﴾ اَمۡ اَمِنۡتُمۡ مَّنۡ فِی السَّمَآءِ اَنۡ یُّرۡسِلَ عَلَیۡکُمۡ حَاصِبًا ؕ فَسَتَعۡلَمُوۡنَ کَیۡفَ نَذِیۡرِ ﴿۱۷﴾

অর্থ: “তোমরা কি নির্ভয় হয়ে গেছো তার সম্পর্কে যিনি আসমানে আছেন, তিনি ধ্বসিয়ে দেবেন জমীনকে তোমারদের সহ, অত:পর তা হঠাৎ থরথর করে কাঁপতে থাকবে। অথবা তোমরা কি নিরাপদ হয়ে গেছো তার

সম্পর্কে যিনি আসমানে আছেন যে, তিনি পাঠাবেন না তোমাদের উপর এক প্রচন্ড কংকর বর্ষণকারী ঝড়? তখন তোমরা নিশ্চিত জানতে পারবে কেমন ছিল আমার সতর্ক।"(২)

অন্য এক আয়াতে আল্লাহ তা'য়ালা বলেছেন-

اَلَمۡ یَرَوۡا کَمۡ اَهۡلَکۡنَا مِنۡ قَبۡلِهِمۡ مِّنۡ قَرۡنٍ مَّکَّنّٰهُمۡ فِی الۡاَرۡضِ مَا لَمۡ نُمَکِّنۡ لَّکُمۡ وَ اَرۡسَلۡنَا السَّمَآءَ عَلَیۡهِمۡ مِّدۡرَارًا ۪ وَّ جَعَلۡنَا الۡاَنۡهٰرَ تَجۡرِیۡ مِنۡ تَحۡتِهِمۡ فَاَهۡلَکۡنٰهُمۡ بِذُنُوۡبِهِمۡ وَ اَنۡشَاۡنَا مِنۡۢ بَعۡدِهِمۡ قَرۡنًا اٰخَرِیۡنَ ﴿۶﴾

অর্থ: "তারা কি দেখেনি, তাদের আগে আমি এমন বহুজাতিকে বিনাশ করে দিয়েছি যাদের আমি পৃথিবীতে এমনভাবে প্রতিষ্ঠা দান করেছিলাম, যা তোমাদেরও করিনি। আকাশ থেকে তাদের উপর আমি প্রচুর বৃষ্টি বর্ষণ করেছি, আবার তাদের মাটির নীচ থেকে আমি ঝর্ণাধারা (অর্থাৎ বন্যা) প্রবাহিত করে দিয়েছি, অত:পর পাপের কারনে আমি তাদের ধ্বংস করে দিয়েছি, আর তাদের পর আমি এক নতুন জাতির উত্থান ঘটিয়েছি।"(৩)

অতএব আমাদের একবার পূর্বের ইতিহাস স্মরণ করা উচিত। কোন্ কোন্ অপরাধে আল্লাহতা'য়ালা কোন্ কোন্ জাতিকে ধ্বংস করেছেন, আর সেই সকল অপরাধের মধ্যে কোনো অপরাধ বর্তমানে আছে কিনা?

* পূর্ববর্তী জাতিদের ধ্বংসের কারণ:

পাঠকগণ: আল্লাহতা'য়ালার শাস্তি অনেক কঠিন- আর এই শাস্তি থেকে সকল বান্দারই উচিত সর্বদা আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করা। আর পূর্ববর্তী জাতিদের ইতিহাস মহান আল্লাহ তা'য়ালা আমাদের জন্য কুরআন মাজিদে এ কারনেই বর্ণনা করেছেন যে, সেই ইতিহাস থেকে যেন আমরা শিক্ষা গ্রহণ করি। সর্বদাই যেন তার শাস্তির ভয়ে ভীত হয়ে থাকি, অথচ অধিকাংশ মানুষই আল্লাহর শাস্তিকে ভয় পাওয়া তো দূরেই থাক, আল্লাহর

---

(২) সুরা আল-মূলক, আয়াত: ১৬-১৭

(৩) সুরা আন-আম, আয়াত:৬

অবাধ্যতায়, আমোদ প্রমোদে জীবন অতিবাহিত করছে। এ প্রসঙ্গেই মহান আল্লাহতা'য়ালা বলেন-

اَفَاَمِنَ اَهْلُ الْقُرٰۤى اَنْ يَّاْتِيَهُمْ بَاْسُنَا بَيَاتًا وَّ هُمْ نَآىِٕمُوْنَ﴿٩٧﴾ اَوَ اَمِنَ اَهْلُ الْقُرٰۤى اَنْ يَّاْتِيَهُمْ بَاْسُنَا ضُحًى وَّ هُمْ يَلْعَبُوْنَ﴿٩٨﴾ اَفَاَمِنُوْا مَكْرَ اللّٰهِ ۚ فَلَا يَاْمَنُ مَكْرَ اللّٰهِ اِلَّا الْقَوْمُ الْخٰسِرُوْنَ﴿٩٩﴾

অর্থ: "লোকালয়ের মানুষগুলো এতোই নির্ভয় হয়ে গেছে যে তারা মনে করে নিয়েছে, আমার আযাব (নিঝুম) রাতে তাদের কাছে আসবে না, যখন তারা (গভীর) ঘুমে (বিভোর হয়ে) থাকবে। অথবা জনপদের মানুষগুলো কি নির্ভয় হয়ে ধরে নিয়েছে যে, আমার আযাব তাদের উপর মধ্য দিবসে এসে পড়বে না- যখন তারা খেল তামাশায় মত্ত থাকবে; কিংবা তারা কি আল্লাহতা'য়ালার কলা-কৌশল থেকে নির্ভয় হয়ে গেছে অথচ আল্লাহ তা'য়ালার কলা-কৌশল থেকে ক্ষতিগ্রস্থ জাতি ব্যতিত অন্য কেউই নিশ্চিত হতে পারে না।"[৪]

কাজেই একথা ভেবে নির্ভয় হয়ে বসে থাকার কোন সুযোগ নেই যে, আমরা শেষ নবী ﷺ এর উম্মত, আমরা যতো যাই করি ধ্বংস হবো না।

আমি পূর্বেও একথা বলেছি, এই উম্মত সমূহ ধ্বংস হবে না ঠিকই, কিন্তু এই সম্প্রদায়ের কিছু অংশ তো ধ্বংস হবেই বটে, তাদের অবাধ্যতার কারনে, তাছাড়াও আল্লাহতা'য়ালা বলেন-

وَاِنْ مِّنْ قَرْيَةٍ اِلَّا نَحْنُ مُهْلِكُوْهَا قَبْلَ يَوْمِ الْقِيٰمَةِ اَوْ مُعَذِّبُوْهَا عَذَابًا شَدِيْدًا ؕ كَانَ ذٰلِكَ فِى الْكِتٰبِ مَسْطُوْرًا﴿٥٨﴾

অর্থ: "এমন কোনো একটি জনপদ নেই যা আমি কেয়ামতের দিন আসার আগেই ধ্বংস করে দিবনা; কিংবা তাদের আমি কঠোর আযাব দিবনা, এসব কথা তো (আমার পাঠানো) কিতাবেই লিপিবদ্ধ আছে।"[৫]

---

(৪) সুরা আরাফ, আ: ৯৭-৯৯

(৫) সুরা বানী-ইসরাঈল, আয়াত: ৫৮

অতএব, আমাদের ও আমাদের পূর্ববর্তী জাতিদের ধ্বংসের কারণ সম্পর্কে খুবই ভালোভাবে জানতে হবে। এবং তা থেকে আমাদেরকে শিক্ষা গ্রহণ করতে হবে। যেন, তাদের মতো পরিণতি আমাদেরও না হয়। কিংবা অবাধ্য মানুষদের অবাধ্যতার কারনে আল্লাহর জমিনে শাস্তি আসলেও যেন বিচার দিবসে আমরা শাস্তির সম্মুখীন না হই। আল্লাহতা'য়ালা আমাদেরকে সত্যের পথে কবুল করুন 'আমীন'।

নিম্নে পৃথক পৃথক ভাবে সংক্ষেপে পূর্ববর্তী জাতিদের ধ্বংসের কারণ উল্লেখ করা হলো:

* হযরত শুয়াইব (আঃ)-এর সম্প্রদায়কে যে কারণে ধ্বংস করা হয়েছে:

পাঠক বন্ধু: হযরত শুয়াইব عليه السلام ছিলেন, মাদিয়ান বাসিদের প্রতি প্রেরিত মহান আল্লাহতা'য়ালার একজন রাসূল। শুয়াইব عليه السلام এর সম্প্রদায়ের ধ্বংসের কারণ ছিল তারা, ওজনে কম দিতো এবং নিজে মেপে নেওয়ার সময় বেশি নিতো অথচ এই কাজটি স্পষ্ট হারাম।

আল্লাহতা'য়ালা বলেন-

وَيۡلٌ لِّلۡمُطَفِّفِيۡنَ ① الَّذِيۡنَ اِذَا اكۡتَالُوۡا عَلَى النَّاسِ يَسۡتَوۡفُوۡنَ ② وَ اِذَا كَالُوۡهُمۡ اَوۡ وَّزَنُوۡهُمۡ يُخۡسِرُوۡنَ ③

অর্থ: "দূর্ভোগ তাদের জন্য যারা মাপে কম দেয়, যারা অন্য মানুষদের থেকে যখন মেপে নেয় তখন পুরোপুরি আদায় করে নেয়, আবার নিজেরা যখন অন্যের জন্য কিছু ওজন কিংবা পরিমাপ করে তখন কম দেয়।"[৬]

অত:পর আল্লাহতা'য়ালা বলেন,

وَ اِلٰى مَدۡيَنَ اَخَاهُمۡ شُعَيۡبًا ؕ قَالَ يٰقَوۡمِ اعۡبُدُوا اللّٰهَ مَا لَكُمۡ مِّنۡ اِلٰهٍ غَيۡرُهٗ ؕ قَدۡ جَآءَتۡكُمۡ بَيِّنَةٌ مِّنۡ رَّبِّكُمۡ فَاَوۡفُوا الۡكَيۡلَ وَ الۡمِيۡزَانَ وَ لَا تَبۡخَسُوا النَّاسَ اَشۡيَآءَهُمۡ وَ لَا تُفۡسِدُوۡا فِى الۡاَرۡضِ بَعۡدَ اِصۡلَاحِهَا ؕ ذٰلِكُمۡ خَيۡرٌ لَّكُمۡ اِنۡ كُنۡتُمۡ مُّؤۡمِنِيۡنَ ﴿۸۵﴾

(৬) সূরা মুতাফফিফীন, আয়াত:১-৩

অর্থ: “আর মাদিয়ানে (প্রেরণ করেছিলাম) তাদেরই ভাই শু‘য়াইবকে। সে তাদের বললো, হে আমার সম্প্রদায়, তোমরা এক আল্লাহর ইবাদত করো, তিনি ছাড়া তোমাদের আর কোনো ইলাহ নেই। তোমাদের কাছে তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে সুস্পষ্ট নিদর্শন এসে গেছে। অত:পর তোমরা সে মোতাবেক ঠিক ঠিক মতো পরিমাপ ও ওজন করো, মানুষদের দেয়ার সময় কখনো কম দিয়ে তাদের ক্ষতিগ্রস্থ করোনা, আল্লাহতা’য়ালা এ জমীনে শান্তি ও সংস্কার স্থাপিত হওয়ার পর তাতে তোমরা পুনরায় বিপর্যয় সৃষ্টি করোনা। তোমরা যদি আল্লাহতা’য়ালার উপর ঈমান আনো তাহলে এটাই তোমাদের জন্য উত্তম।”[৭]

অত:পর হযরত শুয়াইব عليه السلام এর সম্প্রদায়ের মধ্যে যারা অহংকারী ছিলো, নেতা নেতা ভাব ছিলো, তারা হযরত শুয়াইব عليه السلام এর দেয়া বার্তাকে অমান্য করলো, আল্লাহর নাবীকে অস্বীকার করলো। তখন আল্লাহতা’য়ালা সেই সম্প্রদায়কে ধ্বংস করে দিলেন।
আল্লাহতা’য়ালা বলেন-

فَأَخَذَتْهُمُ الرَّجْفَةُ فَأَصْبَحُوا فِي دَارِهِمْ جَاثِمِينَ ﴿٩١﴾

অর্থ: “(নবীর কথা অমান্য করার কারণে) একটা প্রচন্ড ভূমিম্পন এসে তাদের (এমনভাবে) আঘাত করলো যে, অত:পর দেখতে দেখতেই তারা তাদের নিজ নিজ ঘরেই মুখ থুবড়ে পড়ে থাকলো।”[৮]

* হযরত লূত عليه السلام এর সম্প্রদায়কে যে কারণে ধ্বংস করা হয়েছে:

হযরত লূত عليه السلام ছিলেন, একজন আল্লাহর নবী আর তাকে যেই সম্প্রদায়ের নিকট পাঠানো হয়েছিল, সেখানে মানুষ সবচেয়ে ঘৃণিত কাজ করতো এবং তারা অশ্লীলতার চূড়ান্ত পর্যায়ে চলে গিয়েছিল, তারা সমকামিতায় লিপ্ত ছিল, আর তাদেরকে সেই অশ্লীল কাজ থেকে বিরত রাখার জন্য আল্লাহতা’য়ালা লূত عليه السلام কে সেই সম্প্রদায়ের নিকট প্রেরণ করেছিলেন।

---

(৭) সূরা আল-আ’রাফ, আয়াত: ৮৫
(৮) সুরা আল-আ’রাফা, আয়াত: ৯১

আল্লাহতা'য়ালা বলেন-

وَ لُوۡطًا اِذۡ قَالَ لِقَوۡمِہٖۤ اَتَاۡتُوۡنَ الۡفَاحِشَۃَ مَا سَبَقَکُمۡ بِہَا مِنۡ اَحَدٍ مِّنَ الۡعٰلَمِیۡنَ ﴿۸۰﴾

اِنَّکُمۡ لَتَاۡتُوۡنَ الرِّجَالَ شَہۡوَۃً مِّنۡ دُوۡنِ النِّسَآءِ ؕ بَلۡ اَنۡتُمۡ قَوۡمٌ مُّسۡرِفُوۡنَ ﴿۸۱﴾

অর্থ: "(আমি) লূতকে (পাঠিয়েছিলাম), যখন সে তার সম্প্রদায়কে বলে ছিলো, তোমরা এমন এক অশ্লীলতার কাজ করছো, যা তোমাদের আগে সৃষ্টি কূলের আর কেউ করেনি। তোমরা যৌন তৃপ্তির জন্য নারীদের বাদ দিয়ে পুরুষদের কাছে যাও, তোমরা হচ্ছো এক সীমা লঙ্ঘন কারী সম্প্রদায়।"[৯]

অত:পর আল্লাহতা'য়ালা বলেন-

وَ اَمۡطَرۡنَا عَلَیۡہِمۡ مَّطَرًا ؕ فَانۡظُرۡ کَیۡفَ کَانَ عَاقِبَۃُ الۡمُجۡرِمِیۡنَ ﴿۸۴﴾

অর্থ: "(লূত সম্প্রদায়ের এই অপরাধের কারণে) আমি তাদের উপর প্রচন্ড (আযাবের) বৃষ্টি বর্ষণ করলাম; (হ্যা) অত:পর তুমি (ভালো করে) চেয়ে দেখো, অপরাধী ব্যক্তিদের পরিণাম (সেদিন) কী ভয়াবহ হয়েছিলো।"[১০]

* হযরত হুদ عَلَيْهِ السَّلَامُ এর সম্প্রদায়কে যে কারনে ধ্বংস করা হয়েছেঃ

হযরত হুদ عَلَيْهِ السَّلَامُ ছিলেন একজন আল্লাহর রাসূল। তাকে আদ সম্প্রদায়ের নিকট পাঠানো হয়েছিল

অথচ তারা হুদ عَلَيْهِ السَّلَامُ কে গ্রহণ করে নাই, তারা আল্লাহর আয়াতকে অস্বীকার করেছে, তারা তার পাঠানো রাসূলদের নাফারমানি করেছে, তারা প্রত্যেক উদ্ধত স্বৈরাচারীর নির্দেশই মেনে নিয়েছিলেন।

আল্লাহতা'য়ালা বলেন-

وَ تِلۡکَ عَادٌ ۟ۙ جَحَدُوۡا بِاٰیٰتِ رَبِّہِمۡ وَ عَصَوۡا رُسُلَہٗ وَ اتَّبَعُوۡۤا اَمۡرَ کُلِّ جَبَّارٍ عَنِیۡدٍ ﴿۵۹﴾

অর্থ: "এ হচ্ছে আদ সম্প্রদায় এবং তাদের কাহিনী। তারা তাদের প্রতিপালকের আয়াত সমুহ অস্বীকার করেছিল। তারা তার পাঠানো

---

(৯) সুরা আল-আ'রাফ, আয়াত: ৮০-৮১

(১০) সুরা আল-আ'রাফ, আয়াত: ৮৪

রাসূলের নাফরমানী করেছিল, (সর্বোপরি) তারা প্রত্যেক উদ্ধত স্বৈরাচারীর নির্দেশই মেনে নিয়েছিল।"[১১]

অন্য এক আয়াতে আল্লাহতা'য়ালা বলেন-

وَ اُتْبِعُوْا فِيْ هٰذِهِ الدُّنْيَا لَعْنَةً وَّ يَوْمَ الْقِيٰمَةِ ؕ اَلَاۤ اِنَّ عَادًا كَفَرُوْا رَبَّهُمْ ؕ اَلَا بُعْدًا لِّعَادٍ قَوْمِ هُوْدٍ۠ ۝

অর্থ: "জেনে রেখো, ধ্বংসই ছিল হুদের সম্প্রদায়ের একমাত্র পরিণতি।"[১২]

❖ হযরত মূসা (আ:) এর শত্রু এবং মিশরের জালিম শাসক ফেরাউন ও তার সঙ্গিরা যে কারনে ধ্বংস হয়েছে:

ফেরাউন মিশরের শাসকদের উপাধি মূলত যেই শাসককে নিয়ে উল্লেখিত ঘটনা তার নাম কাবুস অথবা ২য় রামেসিস।

তো যাই হোক, তৎকালীন ফেরাউন ছিল একজন স্বৈরাচার, অত্যাচারী শাসক। তার ঘৃণিত কর্মসমুহের মধ্যে প্রধান ছিলো বিরোধী দলের উপর দমন-পিড়ন। তার দল বা সম্প্রদায়ের লোকদের ব্যতিত অন্য সম্প্রদায়ের লোকদের কন্যা সন্তানদের জীবিত রেখে-পুত্র সন্তানদের হত্যা করা ছিলো একটি বড় ধরনের অপরাধ।

পুত্র সন্তানদের হত্যা করার কারণ ছিলো যে, ঐ অত্যাচারী শাসকের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার মত কোন নেতা বা জন শক্তি যেন জন্ম না হয়। এ প্রসঙ্গে আল্লাহতা'য়ালা বলেন-

وَ اِذْ نَجَّيْنٰكُمْ مِّنْ اٰلِ فِرْعَوْنَ يَسُوْمُوْنَكُمْ سُوْٓءَ الْعَذَابِ يُذَبِّحُوْنَ اَبْنَآءَكُمْ وَ يَسْتَحْيُوْنَ نِسَآءَكُمْ ؕ وَ فِيْ ذٰلِكُمْ بَلَآءٌ مِّنْ رَّبِّكُمْ عَظِيْمٌ ۝

অর্থ: "(স্বরণ করো) যখন আমি তোমাদের ফেরাউনের লোকদের (গোলামী) থেকে মুক্তি দিয়ে ছিলাম, তারা তোমাদের উপর ভীষণ অত্যাচার করত, তারা নিকৃষ্ট ধরনের শাস্তি দ্বারা তোমাদের যন্ত্রনা দিতো,

---

(১১) সুরা হুদ, আয়াত: ৫৯
(১২) সুরা হুদ, আয়াত: ৬০

তারা তোমাদের পুত্র সন্তানদের হত্যা করত এবং তোমাদের মেয়েদের জীবিত রেখে দিতো। তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে এতে তোমাদের জন্য বড় একটা পরীক্ষা ছিল।"[১৩]

অন্য স্থানে আল্লাহতা'য়ালা বলেন-

وَ قَالَ الْمَلَاُ مِنْ قَوْمِ فِرْعَوْنَ اَتَذَرُ مُوْسٰی وَ قَوْمَهٗ لِیُفْسِدُوْا فِی الْاَرْضِ وَ یَذَرَكَ وَ اٰلِهَتَكَ ؕ قَالَ سَنُقَتِّلُ اَبْنَآءَهُمْ وَ نَسْتَحْیٖ نِسَآءَهُمْ ۚ وَ اِنَّا فَوْقَهُمْ قٰهِرُوْنَ﴿۱۲۷﴾ قَالَ مُوْسٰی لِقَوْمِهِ اسْتَعِیْنُوْا بِاللّٰهِ وَ اصْبِرُوْا ۚ اِنَّ الْاَرْضَ لِلّٰهِ ۙ۟ یُوْرِثُهَا مَنْ یَّشَآءُ مِنْ عِبَادِهٖ ؕ وَ الْعَاقِبَةُ لِلْمُتَّقِیْنَ﴿۱۲۸﴾ قَالُوْۤا اُوْذِیْنَا مِنْ قَبْلِ اَنْ تَاْتِیَنَا وَ مِنْۢ بَعْدِ مَا جِئْتَنَا ؕ قَالَ عَسٰی رَبُّكُمْ اَنْ یُّهْلِكَ عَدُوَّكُمْ وَ یَسْتَخْلِفَكُمْ فِی الْاَرْضِ فَیَنْظُرَ كَیْفَ تَعْمَلُوْنَ﴿۱۲۹﴾ وَ لَقَدْ اَخَذْنَاۤ اٰلَ فِرْعَوْنَ بِالسِّنِیْنَ وَ نَقْصٍ مِّنَ الثَّمَرٰتِ لَعَلَّهُمْ یَذَّكَّرُوْنَ﴿۱۳۰﴾ فَاِذَا جَآءَتْهُمُ الْحَسَنَةُ قَالُوْا لَنَا هٰذِهٖ ۚ وَ اِنْ تُصِبْهُمْ سَیِّئَةٌ یَّطَّیَّرُوْا بِمُوْسٰی وَ مَنْ مَّعَهٗ ؕ اَلَاۤ اِنَّمَا طٰٓىِٕرُهُمْ عِنْدَ اللّٰهِ وَ لٰكِنَّ اَكْثَرَهُمْ لَا یَعْلَمُوْنَ﴿۱۳۱﴾ وَ قَالُوْا مَهْمَا تَاْتِنَا بِهٖ مِنْ اٰیَةٍ لِّتَسْحَرَنَا بِهَا ۙ فَمَا نَحْنُ لَكَ بِمُؤْمِنِیْنَ﴿۱۳۲﴾ فَاَرْسَلْنَا عَلَیْهِمُ الطُّوْفَانَ وَ الْجَرَادَ وَ الْقُمَّلَ وَ الضَّفَادِعَ وَ الدَّمَ اٰیٰتٍ مُّفَصَّلٰتٍ ۫ فَاسْتَكْبَرُوْا وَ كَانُوْا قَوْمًا مُّجْرِمِیْنَ﴿۱۳۳﴾

অর্থ: "ফেরাউনের সম্প্রদায়ের সরদাররা তাকে বললো, তুমি কি মূসা ও তার দলবলকে এ জমিনে বিপর্যয় সৃষ্টি করার জন্য এমনিই ছেড়ে দিয়ে রাখবে এবং তারা তোমাকে ও তোমার প্রভুদের (এভাবে) বর্জন করেই চলবে? সে বলল, (না, তা কখনো হবে না) আমি (অচিরেই) তাদের ছেলেদের হত্যা করবো এবং তাদের মেয়েদের আমি জীবিত রাখবো। অবশ্যই আমি তাদের উপর বিপুল ক্ষমতায় ক্ষমতাবান।

---

(১৩) সূরা-বাকারাহ-আয়াত: ৪৯

মূসা ﷺ এবার তার সম্প্রদায়কে বললো, (তোমরা) আল্লাহর কাছেই সাহায্য চাও এবং ধৈর্য্য ধারণ কর, (মনে রেখো), অবশ্যই এ জমীন আল্লাহতা'য়ালার, তিনি নিজ বান্দাদের মাঝে যাকে চান তাকেই এ জমীনের ক্ষমতা দান করেন। চুড়ান্ত সাফল্য তাদের জন্যই, যারা তাকওয়া অবলম্বন করে। 'তারা (মূসাকে) বললো, তুমি আমাদের কাছে (নবী হয়ে) আসার আগেও আমরা নির্যাতিত হয়েছি, আর (এখন) তুমি আমাদের কাছে আসার পরও আমরা একইভাবে নির্যাতিত হচ্ছি। (এর কি কোনো শেষ হবে না?) (মূসা বললো হ্যা হবে), খুব তাড়াতাড়িই সম্ভবত তোমাদের প্রতিপালক তোমাদের শত্রুকে ধ্বংস করে দেবেন এবং এ দুনিয়ায় তিনি তোমাদেরকে (তার) স্থলাভিষিক্ত করবেন, অত:পর আল্লাহতা'য়ালা দেখবেন তোমরা কিভাবে (তার) কাজ করো। ক্রমাগত বেশ কয়েক বছর ধরে আমি ফেরাউনের লোকজনদের দুর্ভিক্ষ ও ফসলের স্বল্পতা দিয়ে আক্রান্ত করে রেখেছিলাম, যেন তারা (কিছুটা হলেও) সতর্ক হতে পারে। যখন তাদের উপর ভালো সময় আসতো তখন তারা বলতো, এতো আমাদের নিজেদেরই (পাওনা), আবার যখন দুঃসময় তাদের পেয়ে বসতো, তখন নিজেদের দূর্ভাগ্যের ভার তারা মূসা ﷺ এবং তার সঙ্গীদের উপর আরোপ করতো; হ্যাঁ তাদের দূর্ভাগ্যের বিষয় তো আল্লাহতা'য়ালার হাতেই রয়েছে, কিন্তু তাদের অধিকাংশ মানুষই (এ সম্পর্কে) অবহিত নয়। তারা (মূসাকে আরও) বলল, আমাদের উপর যাদুর প্রভাব বিস্তার করার জন্য তুমি যতো নিদর্শনই নিয়ে আসোনা কেনো, আমরা কখনো তোমার উপর ঈমান আনবো না। (এ ধৃষ্টতার জন্যে) অত:পর আমি তাদের উপর ঝড় তুফান, (দিলাম), পংগপাল পাঠালাম, উকুন (ছাড়লাম), ব্যাঙ (ছেড়ে দিলাম), ও রক্ত (পাতজনিত বিপর্যয়) পাঠালাম, এর সব কয়টিই (তাদের কাছে এসেছিলো আমার একটা) সুস্পষ্ট নিদর্শন (হিসাবে , কিন্তু এ সত্ত্বেও) তারা অহংকার বড়াই করতেই থাকলো, আসলেই তারা ছিলো একটি অপরাধী সম্প্রদায়।"[১৪]

(১৪) সূরা আল-আ'রাফ, আয়াত: ১২৭-১৩৩

অন্য এক আয়াতে আল্লাহতা'য়ালা বলেন-

وَ اِذۡ فَرَقۡنَا بِکُمُ الۡبَحۡرَ فَاَنۡجَیۡنٰکُمۡ وَ اَغۡرَقۡنَاۤ اٰلَ فِرۡعَوۡنَ وَ اَنۡتُمۡ تَنۡظُرُوۡنَ ﴿۵۰﴾

অর্থ: "(স্বরণ করো), যখন আমি তোমাদের জন্য সমুদ্রকে দুই ভাগ করে দিয়েছিলাম, অত:পর আমি তোমাদের (সমূহ মৃত্যুর হাত থেকে) বাঁচিয়ে দিয়েছিলাম, এবং আমি ফেরাউন ও তার দলবলকে ডুবিয়ে দিয়ে ছিলাম আর তোমরা তা দেখেছিলে।"(১৫)

পাঠক বন্ধু: এখন আপনি একটু স্থীর হয়ে ভেবে দেখুন, অবাধ্য মানুষ গুলোর সেই ইতিহাস গুলো আবার পুনরায় ঘটছে কিনা?

শুয়ায়েব عليه السلام এর সম্প্রদায়কে আল্লাহতা'য়ালা ওজনে কম দেয়া ও নেয়ার সময় বেশি নেওয়ার কারণে ধ্বংস করেছেন। অথচ বর্তমান সময়ে সেই অপরাধটি মহামারি হিসেবে দেখা দিয়েছে।

হযরত লূত عليه السلام এর সম্প্রদায়কে আল্লাহতা'য়ালা 'সমকামিতা' করার অপরাধে ধ্বংস করেছেন, আর বর্তমানে সেই অপরাধটি একটি সাধারন ব্যাপার হয়ে উঠেছে।

হযরত হুদ عليه السلام-এর সম্প্রদায়কে আল্লাহতা'য়ালা আল্লাহর অবাধ্য ও রাসূলের নাফরমানী করার জন্য ধ্বংস করেছেন। আর বর্তমানে অধিকাংশ মানুষের নিত্যদিনের কর্মই হয়ে উঠেছে-আল্লাহর অবাধ্যতা করা এবং রাসূলের নাফরমানী করা।

আল্লাহতা'য়ালা যেই বিধান দিয়েছেন অধিকাংশ মানুষই সেই বিধানের বিপরীত পথ চলা শুরু করেছে, আল্লাহর রাসূল ﷺ যেই সকল আদেশ-নিষেধ আমাদেরকে দিয়ে গেছেন, বর্তমানের অধিকাংশ মানুষই তার বিপরীত নিয়ম-নীতির পথ অবলম্বন করে চলছে।

বর্তমান বিশ্বে ফেরাউনী শাসন চলছে। ফেরাউন পুত্র দেরকে হত্যা করে, কন্যাদের জীবিত রাখতো। আর বর্তমান ফেরাউনদের শাসন আমলে পুত্র ও কণ্যা উভয়কেই হত্যা করা হচ্ছে। তারা এই হত্যা কান্ডকে বৈধ করে নিয়েছে 'পরিবার-পরিকল্পনা' নাম দিয়ে।

---

(১৫) সূরা বাকারাহ, আয়াত: ৫০

শুধু কি তাই; এই ফেরাউনী শাসন আমলে হাজার হাজার শিশু মৃত অবস্থায় পড়ে থাকছে ডাস্টবিনে, ড্রেনে, হাসপাতালের আনাচে-কানাছে। অধিকাংশ কলেজ-ইউনিভার্সিটির ছাত্র-ছাত্রীরা অবৈধ মিলনের মাধ্যমে সন্তান জন্ম দিচ্ছে, আবার সেই সন্তানকেই গর্ভে থাকাকালীন হত্যা করা হচ্ছে। অথচ ফেরাউন শাসকদের এই নিয়ে কোনো মাথা ব্যাথা নেই। আল্লাহতা'য়ালা- "তৎকালীন ফেরাউনকে যেমন সতর্ক করার জন্য-দুর্ভিক্ষ ও ফসলের স্বল্পতা দিয়ে হুশিয়ারী করেছিলো।"[(১৬)]

"ঝড়-তুফান, পংগপাল দিয়ে হুশিয়ার করেছিলো।"[(১৭)]

অনুরুপভাবে নব্য ফেরাউনদের হুশিয়ার করার জন্যও আল্লাহতা'য়ালা- করোনা মহামারি, তীব্রখরা, বন্যা, দূর্ভিক্ষ, যুদ্ধ-বিগ্রহ দিয়েছে।

আশ্চর্য বিষয় হলো-নব্য ফেরাউনরাও এই স্বল্প শাস্তিতে হুশিয়ার হয়নি; বরং তাদের দাম্ভিক অহংকারে বুক ফুলে উঠেছে। তারা করোনা মহামারী মোকাবেলার জন্য প্রস্তুতি নিতে চেয়েছে 'নাউযুবিল্লাহ'। অথচ তাদের তাওবা করাই ছিলো শ্রেয়।

পাঠকবন্ধুঃ মানুষের দাম্ভিকতা আর অবাধ্যতার কারণে-এই স্বল্প শাস্তি থেকে সামনে আরও ভয়াবহ রূপনিতে শুরু করেছে, দূর্ভিক্ষ এবং তৃতীয় বিশ্বযুদ্ধের ঘন্টা বেজে উঠেছে। দুই বছর পর হোক আর পাঁচ বছর পর হোক ঐ মহাবিপদের সম্মুখীন মানুষকে হতেই হবে। যদি তার পূর্বেই মানুষ তওবা করে ফিরে আসে তবে তা ভিন্ন কথা। তা ব্যতীত পরমানবিক বোমার আঘাতে পৃথিবী অগ্নিবর্ণ হয়ে যাবে, আকাশ অন্ধকারে ছেয়ে যাবে, যাকে বলা হয়ে থাকে ধোঁয়ার আযাব।

মহান আল্লাহতা'য়ালা কুরআন মাজিদে তারই ইঙ্গিত করে বলেন-

فَارْتَقِبْ يَوْمَ تَأْتِي السَّمَآءُ بِدُخَانٍ مُّبِيْنٍ ۝١٠ يَّغْشَى النَّاسَ ۖ هٰذَا عَذَابٌ اَلِيْمٌ ۝١١ رَبَّنَا اكْشِفْ عَنَّا الْعَذَابَ اِنَّا مُؤْمِنُوْنَ ۝١٢

---

(১৬) সুরা আল-আ'রাফ, আয়াতঃ ১৩০

(১৭) সুরা আল-আরাফ, আয়াতঃ ১৩৩

"তুমি সেদিনের অপেক্ষা করো, যেদিন আকাশ ধোঁয়ায় ছেয়ে যাবে, তা (অল্প সময়ের মধ্যে গোটা) মানুষদের গ্রাস করে ফেলবে, এটা হবে এক কঠোর শাস্তি। (তখন তারা বলবে) হে আমাদের প্রতিপালক, আমাদের কাছ থেকে এ শাস্তি সরিয়ে নাও, আমরা (এক্ষুনি) ঈমান আনছি।"[১৮]

একটিবার চিন্তা করে দেখুন সাধারণ ইউক্রেন-রাশিয়ার যুদ্ধেই বিশ্ব এখন দুর্ভিক্ষের পথে। আর তৃতীয় বিশ্ব যুদ্ধের কথা তো ভাবাই যায় না। যুদ্ধের কারণে গরমের তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে, কৃষকরা জমিতে ফসল ফলাতে পারবে না, আমদানী-রফতানীর ব্যপকতা এসে দাড়াবে শূণ্যের কোঠায়। না খেয়ে অনাহারে কত মানুষ জীবন হারাবে, কতো শিশু বিকলাঙ্গ হবে, ভেবে দেখেছেন। আর যুদ্ধের কারনে তো মৃত্যু হবেই।

এটা সাধারন একটি ভাবনার কথা নয়; বরং তা হাদিস ও আসারের কথা। হযরত আবু বাশীর ﵁ হতে বর্ণিত তিনি বলেন, আমি আবু আব্দুল্লাহ আস সাদিক ﵁ কে জিজ্ঞাসা করলাম, কখন ইমাম মাহদীর আবির্ভাব হবে? তিনি বলেন, রাসূল ﷺ এর বংশধরের জন্য কোন নির্দিষ্ট সময় নেই। তবে ইমাম মাহদীর আবির্ভাবের পূর্বে দুই ধরনের মৃত্যু দেখা যাবে।
অর্থাৎ দুর্ভিক্ষের কারণে মৃত্যু আর লাল মৃত্যু হলো যুদ্ধের কারণে মৃত্যু।[১৯]

হযরত জাফর সাদিক ﵁ বলেন, পৃথিবীর দুই-তৃতীয়াংশ মানুষ ধ্বংস না হওয়া পর্যন্ত ইমাম মাহদীর আবির্ভাব ঘটবে না। তখন আমি আবু বাসিরকে জিজ্ঞাসা করলাম, তখন কোন ব্যক্তি অক্ষত থাকবে? উত্তরে জাফর সাদিক ﵁ বলেছেন, তোমরা কি এক-তৃতীয়াংশ এর মধ্যে অবশিষ্ট থাকতে চাও না।[২০]

হযরত আব্দুল্লাহ ইবনে উমর (রাঃ) বলেন, রাসূল ﷺ বলেছেন, সাবধান মুশরিকরা নিজেদের অবাধ্যতা বৃদ্ধির মাধ্যমে পৃথিবীতে কেয়ামত আনায়ন করবে। আর তখন পৃথিবীতে অগ্নি প্রকাশ পাবে, যা পৃথিবীর দুই-তৃতীয়াংশ মানুষকে ধ্বংস করবে। তারপরেই আল্লাহতা'য়ালা একটি

---

(১৮) সুরা আদ-দুখান, আয়াত: ১০-১২
(১৯) কিতাবুল ফিরদাউস, হা: ৭৫২
(২০) কিতাবুল ফিরদাউস, হা: ৭৬০

শন্তিময় পৃথিবী দেখাবেন, যেখানে কোন বিশৃঙ্খলা থাকবে না। একথা বলে তিনি সুরা ইব্রাহীমের ৪৮নং আয়াত পাঠ করেন।

❖ রাসূল ﷺ -এর ভবিষ্যৎ বানীর হাদিস থেকে আমদের করনীয় কি?

পাঠক বন্ধু! আল্লাহর রাসূল ﷺ-এর ভবিষ্যৎ বানীর হাদিস গুলো নিয়ে যদিও যথেষ্ট মত বিরোধ রয়েছে, তবুও আমরা বলবো, সেই হাদিসগুলো সম্পর্কে আমাদের সচেতন থাকা জরুরী।
মনে রাখতে হবে, শেষ জামানা সম্পর্কে এমন কিছু হাদিস রয়েছে, যেই হাদিস গুলোকে অনেকে যদিও জাল বলে আখ্যায়িত করলেও দেখা গেছে সেই হাদিসগুলোর অনেকই বাস্তব হয়ে গেছে, যেটা বাস্তবতার সাথে মিলে যায়, সেই হাদিস কখনো জাল হয় না। সেটা অবশ্যই ছহিহ হাদিস।

কাজেই শেষ জামানার দুর্ভিক্ষ সম্পর্কে, ফিতনা সম্পর্কে যেই আছার ও হাদিসগুলো বর্ণিত হয়েছে-তা অবশ্যই আমাদেরকে বেশি বেশি দেখতে হবে এবং সেই সম্পর্কে সচেতন থাকতে হবে। ভেবে দেখুন, আপনি যেই হাদিসকে যইফ ভাবছেন, সেটা যদি ছহিই হয়ে থাকে? তাহলে আপনি কোনো একটা বিষয়ে পিছিয়ে থাকলেন। আর আপনি যদি সেই বিষয়টি পূর্ব থেকেই গ্রহণ করে থাকেন-তবে আপনি ক্ষতিগ্রস্থদের অন্তর্ভূক্ত হবেন না, ‘ইনশাআল্লাহ’। একটি বাস্তব উদাহরণ আমি উল্লেখ করছি, যখন হযরত ইউসুফ عليه السلام তার সম্প্রদায়কে ভবিষ্যৎ বানী করে ছিলো, ৭ বছর দূর্ভিক্ষের ব্যাপারে এবং হযরত ইউসুফ عليه السلام তার সম্প্রদায়কে খাদ্য মজুত করতে আদেশ দিয়েছিলেন, তখন যারা বুদ্ধিমান লোক ছিলো তারা খাদ্য মজুত করেছিল, আর দাম্ভিক, অহংকারি, নির্বোধ লোকেরা খাদ্য মজুত করেছিলো না।
অত:পর যখন দূর্ভিক্ষ চলে আসলো, তখন যেই সকল বুদ্ধিমানরা খাদ্য মজুত করে রেখেছিলো, তারা হযরত ইউসুফ عليه السلام এর ভবিষৎ বাণীকে মেনে নিয়ে উপকৃত হলেন। আর যারা তা মেনে নেয়নি তারা হলেন, বেকুব ও ক্ষতিগ্রস্থ।

ভেবে দেখুন তো, যারা খাদ্য মজুত করেছিলো দুর্ভিক্ষ না হলে তাদের কি কোন ক্ষতি হতো? হতো না, কেননা, তারা তাদের খাদ্য থেকে ঠিকই উপকৃত হতো এবং আল্লাহর নবী ইউসসুফ عليه السلام এর আদেশ পালনের কারণে নেকবান্দাদের অন্তর্ভূক্ত হতো।

আর যারা নবী ইউসসুফ عليه السلام এর আদেশ না মেনে খাদ্য মজুত করেনি, তারা আল্লাহর নবী ইউসসুফ عليه السلام এর নাফরমানী সম্প্রদায় বলে গণ্য হয়েছে।

অত:এব আপনার জন্যও উচিত হবে, আখিরী নবী ﷺ এর ভবিষৎ বাণী মেনে নিয়ে সত্যকে গ্রহণ করা এবং আসন্ন সকল প্রকার বিপদ থেকে সতর্ক থাকা। যদি এখন আপনার অন্তরে আল্লাহর রাসূল ﷺ-এর মহাব্বত নাড়া দিয়ে থাকে, তার প্রতি আপনার অনুগত্যই আপনার অন্তরের মধ্যে ভয় ও ভাবনা সৃষ্টি করে দিয়েছে?

যেহেতু হাদিস বলছে- দূর্ভিক্ষ হবে, মহাবিপদ আসন্ন। জাতির বিশ্বযুদ্ধ হবে। নিশ্চয়ই তা আমাদের জন্যে ভয়াবহ বিপদ। সেহেতু এই বিপদ থেকে নিরাপত্তা পাওয়ার উপায় কি? আর সেই নিরাপত্তার আলোচনায় নিম্নে উল্লেখ করা হলো।

❖ আসন্ন ভয়াবহ বিপদ থেকে নিরাপদ আশ্রয় কোথায়?

মহান আল্লাহতা'য়ালা বলেন,

وَمَا كَانَ رَبُّكَ مُهْلِكَ الْقُرٰى حَتّٰى يَبْعَثَ فِيْۤ اُمِّهَا رَسُوْلًا يَّتْلُوْا عَلَيْهِمْ اٰيٰتِنَا ۚ وَمَا كُنَّا مُهْلِكِي الْقُرٰۤى اِلَّا وَاَهْلُهَا ظٰلِمُوْنَ ۝٥٩

অর্থ: "আমি ততক্ষণ পর্যন্ত কোনো জনপদকে ধ্বংস করি না যতক্ষণ না সেই জনপদের অধিবাসী জালিম হয়।"(২১)

আবার অন্য এক আয়াতে আল্লাহতা'য়ালা বলেন-

وَمَاۤ اَهْلَكْنَا مِنْ قَرْيَةٍ اِلَّا لَهَا مُنْذِرُوْنَ ۝٢٠٨

(২১) সুরা কাসাস, আয়াত-৫৯

অর্থ: “আমি কোনো জনপদকে ধ্বংস করিনা, যতক্ষন না সেখানে কোনো সতর্ককারী পাঠাই।”[২২]

হযরত আবু হুরায়রা ﵁ বলেন, রাসুল ﷺ বলেছেন, কোন জাতিকে কেয়ামত দ্বারা ধ্বংসের পূর্বেই তাদের নিকট আল্লাহতা'য়ালা সাবধানকারী পাঠান। যেন আল্লাহ ভীরু লোকগণ কেয়ামত থেকে নাজাত পান। আর মরিয়ম পুত্র ঈসা ﵇ হলো শেষ কেয়ামতের পূর্বে সাবধানকারী।[২৩]
আল্লাহতা'য়ালা বলেন-

وَ يَقُوْلُ الَّذِيْنَ كَفَرُوْا لَوْ لَآ اُنْزِلَ عَلَيْهِ اٰيَةٌ مِّنْ رَّبِّهٖ ؕ اِنَّمَآ اَنْتَ مُنْذِرٌ وَّ لِكُلِّ قَوْمٍ هَادٍ ۝

“যারা কুফরী করেছে তারা বলে, তার রবের নিকট হতে তার নিকট কোন নিদর্শন অবতীর্ণ হয় না কেন, তুমি তো কেবল সতর্ককারী আর প্রত্যেক কওমের জন্য রয়েছে সতর্ককারী (পথ প্রদর্শক)।”[২৪]
যেহেতু আল্লাহতা'য়ালা প্রত্যেক আসন্ন ধ্বংস থেকেই তার বান্দাকে সতর্ক করার জন্য সেই আসন্ন বিপদের পূর্বেই সেখানে সতর্ককারী পাঠিয়ে দেন। যেন বান্দারা পূর্ব থেকেই তাওবা করে সতর্ককারীকে মেনে নিয়ে সতর্ক হয়ে যায়।
সেহেতু তিনি আসন্ন ভয়াবহ বিপদের পূর্বেই আমাদের জন্যও একজন সতর্ককারী পাঠাবেন-এটাই আল্লাহতা'য়ালার নিয়মনীতি। আর আল্লাহ তা'য়ালা বলেন-

سُنَّةَ مَنْ قَدْ اَرْسَلْنَا قَبْلَكَ مِنْ رُّسُلِنَا وَ لَا تَجِدُ لِسُنَّتِنَا تَحْوِيْلًا ۝

অর্থ: “আর তুমি আমার সে নিয়মের কখনো রদবদল (দেখতে) পাবে না।”[২৫]

(২২) সুরা আস-শুআ'রা, আয়াত-২০৮
(২৩) কিতাবুল ফিরদাউস, ১১৭৭
(২৪) সুরা রাদ, আয়াত: ৭
(২৫) সূরা বনি ইসরাইল, আয়াত: ৭৭

আর আসন্ন বিপদের পূর্বে সতর্ককারী পাঠানোর উদ্দেশ্যই হলো- যারা সেই সতর্ককারীকে মেনে নেবে, তাদের সেই বিপদ থেকে নিরাপদ আশ্রয় দান করা। যেমন আল্লাহতা'য়ালা "হযরত নূহ عليه السلام-এর সময় মহাপ্লাবন থেকে আল্লাহতা'য়ালা নূহ عليه السلام-এর সাথীদের রক্ষা করেছিলেন, আর তাদের নিরাপদ স্থান ছিলো নৌকা।"(২৬)

"হযরত হূদ عليه السلام-এর সাথীদেরকে আল্লাহ নিরাপত্তা দান করেছিলেন।"(২৭)

"হযরত লুত عليه السلام ও তার সাথীদেরকে আল্লাহ নিরাপত্তা দান করে ছিলেন।"(২৮)

"হযরত মূসা عليه السلام ও তার সাথীদেরকে আল্লাহ নিরাপত্তা দান করে ছিলেন।"(২৯)

অনুরূপ ভাবে মহান আল্লাহতা'য়ালা মুহাম্মদ ﷺ-এর সাথী দেরকেও মক্কার অত্যাচারী কাফেরদের হাত থেকে নিরাপত্তা দান করেছিলেন, আর তাদের নিরাপত্তার স্থান ছিলো মদিনা।

এভাবেই আল্লাহতা'য়ালা তার সতর্ককারী ও তার সাথীদের নিরাপত্তা দান করেন।

তবে এজন্য অবশ্যই আল্লাহর পক্ষ থেকে আগমনকারী, সতর্ককারীদের চিনতে হবে। আর এই সতর্ককারীরাই হলো ইসলামের রাহবার। তারাই মুসলিমদের অভিভাবক, তারাই মুসলিমদের সাহায্য কারী।

কুরআন মাজিদে আল্লাহতা'য়ালা বলেন-

وَ مَا لَكُمْ لَا تُقَاتِلُوْنَ فِيْ سَبِيْلِ اللّٰهِ وَ الْمُسْتَضْعَفِيْنَ مِنَ الرِّجَالِ وَ النِّسَآءِ وَ الْوِلْدَانِ الَّذِيْنَ يَقُوْلُوْنَ رَبَّنَآ اَخْرِجْنَا مِنْ هٰذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ اَهْلُهَا ۚ وَ اجْعَلْ لَّنَا مِنْ لَّدُنْكَ وَلِيًّا ۚۙ وَّ اجْعَلْ لَّنَا مِنْ لَّدُنْكَ نَصِيْرًا ۝٧٥

(২৬) সূরা আরাফ, আয়াত: ৬৪
(২৭) সূরা আরাফ-আ: ৭২
(২৮) সূরা আরাফ-আ: ৮৩
(২৯) সূরা বাকারাহ-আ: ৫০

অর্থ: “তোমাদের কি হল যে, তোমরা আল্লাহর রাস্তায় লড়াই করছ না! অথচ দুর্বল পুরুষ, নারী ও শিশুরা বলছে, ‘হে আমাদের রব, আমাদেরকে বের করুন এ জনপদ থেকে যার অধিবাসীরা যালিম এবং আমাদের জন্য আপনার পক্ষ থেকে একজন অবিভাবক নির্ধারণ করুন। আর নির্ধারণ করুন আপনার পক্ষ থেকে একজন সাহায্যকারী।”(৩০)

আর এই অভিভাবকগণ যখন আল্লাহর পক্ষ থেকে জমিনে আসেন তখন তদের মেনে নেয়া, তাদের আনুগত্য। প্রত্যেক ঈমানদার ব্যক্তির জন্য ওয়াজিব হয়ে যায় এ প্রসঙ্গে আল্লাহতা'য়ালা বলেন-

يٰۤاَيُّهَا الَّذِيۡنَ اٰمَنُوۡۤا اَطِيۡعُوا اللّٰهَ وَ اَطِيۡعُوا الرَّسُوۡلَ وَ اُولِي الۡاَمۡرِ مِنۡكُمۡ ۚ فَاِنۡ تَنَازَعۡتُمۡ فِيۡ شَيۡءٍ فَرُدُّوۡهُ اِلَى اللّٰهِ وَ الرَّسُوۡلِ اِنۡ كُنۡتُمۡ تُؤۡمِنُوۡنَ بِاللّٰهِ وَ الۡيَوۡمِ الۡاٰخِرِ ؕ ذٰلِكَ خَيۡرٌ وَّ اَحۡسَنُ تَاۡوِيۡلًا ۝٥٩

অর্থ: “হে ঈমানদারগণ তোমরা আল্লাহর আনুগত্য কর (তার) রাসূলের এবং তাদের আনুগত্য করো, যারা তোমাদের ‘উলিল আমর’ তথা অভিভাবক।”(৩১)

যেহেতু উলিল আমর তথা আল্লাহ প্রদত্ত অভিভাবকের আনুগত্য করা আমাদের জন্য ওয়াজিব।

সেহেতু অবশ্যই আমাদেরকে ‘উলিল আমর’ তথা আল্লাহ প্রদত্ত অভিভাবক সম্পর্কে জানতে হবে-

নিম্নে উলিল আমর সম্পর্কে আলোচনা করা হলো:

* কারা আমাদের ‘উলিল আমর’ ?

পাঠক বন্ধু; উপরোক্ত সূরা নিসার ৫৯নং আয়াতে ঈমানদার বান্দাদেরকে মহান আল্লাহতা'য়ালা তিনটি কাজের আদেশ করেছেন।

(১) তোমরা আল্লাহর আনুগত্য করো।

(২) আল্লাহর রাসূলের আনুগত্য করো।

---

(৩০) সূরা আন নিসা, আয়াত: ৭৫

৩১ (সূরা নিসা-আ: ৫৯)

(৩) ‘উলিল আমর’ তথা আল্লাহ প্রদত্ত অভিভাবকের আনুগত্য করো।
